গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫২/২০১৭-১৮

ঢাকা, সোমবার ৫ ফেব্রুয়ারি ২০১৮, ২৩ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সুইস প্রেসিডেন্টকে অভ্যর্থনা জানালেন রাষ্ট্রপতি

২। পরিকল্পনা ও বাজেট ছাড়া দাবি পূরণ সম্ভব নয় : রাজপথে আন্দোলনকারীদের উদ্দেশে প্রধানমন্ত্রী

৩। সরকারি কর্মকর্তাদের ফ্ল্যাট নির্মাণসহ ১১ প্রকল্প একনেকে অনুমোদন

৪। প্রশ্ন ফাঁসকারীকে ধরিয়ে দিলে ৫ লাখ টাকা পুরস্কার : শিক্ষামন্ত্রী

৫। বাণিজ্যমেলায় এবার রফতানি আদেশ পাওয়া গেছে বিশ মিলিয়ন মার্কিন ডলার : বাণিজ্যমন্ত্রী

৬। রাষ্ট্রের তিন অঙ্গের সমন্বয়ের প্রতিশ্রুতি দিলেন প্রধান বিচারপতি

৭। ওআইসি পর্যটনমন্ত্রীদের সম্মেলন আজ ঢাকায় শুরু

৮। বর্তমান সরকারের অধীনেই নির্বাচন হবে : তথ্যমন্ত্রী

৯। প্রবাসীকর্মীরা সরকারের সব অর্জনের অংশীদার : প্রবাসীকল্যাণ মন্ত্রী

১০। জারে অপরিশোধিত পানি বাজারজাতের দায়ে ৬ প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত

চলমানপাতা/২

১। সুইস প্রেসিডেন্টকে অভ্যর্থনা জানালেন রাষ্ট্রপতি

সুইস প্রেসিডেন্ট আঁলা বেরসে তিনদিনের রাষ্ট্রীয় সফরে গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) বাংলাদেশে পৌঁছেছেন। বিমানবন্দরে পৌঁছালে তাঁকে লাল গালিচা অভ্যর্থনা জানানো হয়। প্রতিবেশী মিয়ানমারের সৃষ্ট সংকটের মাধ্যমে গুরুতর ক্ষতিগ্রস্ত বাংলাদেশের প্রতি সংহতি জানাতে তিনি এ সফরে এসেছেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং সিনিয়র মন্ত্রীরা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাঁকে অভ্যর্থনা জানান। এ সময় ২১ বার গান স্যালুটের মাধ্যমে তাঁকে অভিবাদন জানানো হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

২। পরিকল্পনা ও বাজেট ছাড়া দাবি পূরণ সম্ভব নয় : রাজপথে আন্দোলনকারীদের উদ্দেশে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিক্ষোভ করলেই সরকারের পক্ষে দাবি পূরণ সম্ভব নয়, কারণ সরকার পরিকল্পনা এবং বাজেট ছাড়া দাবি পূরণ করতে পারে না। দাবি আদায়ে রাজপথে আন্দোলনরত শিক্ষকদের একটি অংশের প্রতি ইঙ্গিত করে তিনি গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) একথা বলেন। তিনি বলেন, ‘কোথায় কোথায় সরকারিকরণ করতে হবে, কোন নীতিমালার ভিত্তিতে করতে হবে, সেটাওতো একটা নীতিমালার ভিত্তিতেই হতে হবে। যখন-তখন যে কেউ দাবি করলে সেটা তো পূরণ করা সম্ভব নয়। সেটা সবাইকে অনুধাবন করতে হবে।’ প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক কলেজ অধ্যক্ষের অংশগ্রহণে আয়োজিত ‘শিক্ষা সমাবেশ’ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৩। সরকারি কর্মকর্তাদের ফ্ল্যাট নির্মাণসহ ১১ প্রকল্প একনেকে অনুমোদন

মিরপুর ৬নং সেকশনে সরকারি কর্মকর্তাদের জন্য ২৮৮টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পসহ মোট **১১**টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এতে ব্যয় ধরা হয়েছে ৭ হাজার ৪২৩ কোটি ৭২ লাখ টাকা। সম্পূর্ণ অর্থ সরকারি তহবিল থেকে খরচ করা হবে। গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এ বৈঠকে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনার সভাপতিত্বে এ প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

৪। প্রশ্ন ফাঁসকারীকে ধরিয়ে দিলে ৫ লাখ টাকা পুরস্কার : শিক্ষামন্ত্রী

প্রশ্নপত্র ফাঁসকারীকে ধরিয়ে দিতে পাঁচ লাখ টাকার পুরস্কার ঘোষণা করেছে সরকার। পাশাপাশি চলমান এসএসসি পরীক্ষার বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র ফাঁস হয়েছে কিনা তা খতিয়ে দেখতে **১১** সদস্যের একটি মূল্যায়ন কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। ফেসবুক বা অন্য কোনো সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট দিয়ে অথবা অন্য কোনো উপায়ে প্রশ্ন ফাঁসে জড়িত কাউকে ধরিয়ে দিলে পাঁচ লাখ টাকা পুরস্কার প্রদানের ঘোষণা দিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, ‘সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ছড়াচ্ছে যারা, তারা ধরা পড়বেই। এটা সময়ের ব্যাপার মাত্র।’ গত **১** ফেব্রুয়ারি শুরু হওয়া এসএসসি ও সমমান পরীক্ষার বিষয়ে গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় মনিটরিং এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত কমিটির জরুরি সভাশেষে সাংবাদিকদের এ তথ্য জানান শিক্ষামন্ত্রী। সূত্র-**সংবাদ** (প.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৫। বাণিজ্যমেলায় এবার রফতানি আদেশ পাওয়া গেছে বিশ মিলিয়ন মার্কিন ডলার : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, এ বছর বাণিজ্যমেলায় রফতানি আদেশ পাওয়া গেছে প্রায় বিশ মিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ ১৬০ কোটি ৫৭ লাখ টাকার। আর মেলায় বিক্রি হয়েছে ৮৭ কোটি ৮৩ লাখ

টাকার। ২৩তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা জানান। তিনি বলেন, এবারের মেলা সব দিক থেকে সার্থক হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৬। রাষ্ট্রের তিন অঙ্গের সমন্বয়ের প্রতিশ্রুতি দিলেন প্রধান বিচারপতি

রাষ্ট্রের প্রধান তিন অঙ্গ-বিচার বিভাগ, আইন বিভাগ ও নির্বাহী বিভাগের মধ্যে সহযোগিতা ও সমন্বয়ের প্রতিশ্রুতি দিয়েছেন নতুন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। তিনি বলেছেন, 'রাষ্ট্রের প্রধান তিনটি অঙ্গের পারস্পরিক সহযোগিতার মাধ্যমেই একটি দেশ উন্নয়নের পথে অগ্রসর হতে পারে। যেখানে এ তিনটি অঙ্গের ও কাজের মধ্যে সমন্বয়ের অভাব থাকে সেখানে উন্নয়ন ব্যাহত হয়। আমি সবসময় এ তিনটি অঙ্গের সমন্বয় রক্ষার চেষ্টা করবো।' গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) সুপ্রিম কোর্টের এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (প.১,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৭। ওআইসি পর্যটনমন্ত্রীদের সম্মেলন আজ ঢাকায় শুরু

ওআইসিভুক্ত দেশগুলোর পর্যটনমন্ত্রীদের দশম সম্মেলন আজ থেকে ঢাকায় শুরু হচ্ছে। কনফারেন্স অভ্ ট্যুরিজম মিনিস্টার (আইসিটিএম) শীর্ষক তিন দিনব্যাপী এ সম্মেলনে ৩০টি দেশের প্রতিনিধি অংশ নেবেন। আগামীকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। ৭ ফেব্রুয়ারি টেকনিক্যাল ট্যুরের মধ্য দিয়ে সম্মেলন শেষ হবে। গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২, ক.২)।

৮। বর্তমান সরকারের অধীনেই নির্বাচন হবে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বিএনপির নেত্রী খালেদা জিয়ার বিরুদ্ধে আদালতে বিচার চলছে। আদালতের নিয়মেই বিচার হচ্ছে। এখানে সরকারের কোনো হস্তক্ষেপ নেই। তথ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকারের অধীনেই সংবিধান অনুযায়ী আগামী জাতীয় নির্বাচন হবে। গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) ভেড়ামারা ডিগ্রি কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪)।

৯। প্রবাসীকর্মীরা সরকারের সব অর্জনের অংশীদার : প্রবাসীকল্যাণ মন্ত্রী

নতুন শ্রমবাজার খুঁজে বের করার পাশাপাশি বিদেশে কম খরচে শ্রমিক পাঠানো ও দ্রুত সেবা নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, আমাদের প্রবাসী কর্মীরা বর্তমান সরকারের সকল অর্জনের অংশীদার। তারা বিদেশে কর্মসংস্থান তৈরি ও রেমিটেন্স প্রেরণসহ দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখছে। গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'শ্রম কল্যাণ সম্মেলন-২০১৮'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

১০। জারে অপরিশোধিত পানি বাজারজাতের দায়ে ৬ প্রতিষ্ঠানকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত

জারে অপরিশোধিত পানি বাজারজাতের দায়ে ছয়টি প্রতিষ্ঠানের কাছ থেকে চার লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে। বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউট (বিএসটিআই) ও র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব) ভ্রাম্যমাণ আদালত এ জরিমানা আদায়ের পাশাপাশি বিভিন্ন কারখানার ৮ কর্মকর্তা-কর্মচারীকে তিন মাস করে কারাদণ্ড দেয়। গতকাল (৪ ফেব্রুয়ারি রোববার) নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে রাজধানীর মিরপুর এলাকায় এ অভিযান চালানো হয়। এছাড়া তিনটি প্রতিষ্ঠানকে সিলগালা করাসহ সাড়ে চার হাজার পানির জার ধ্বংস করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক:** চলতি শিক্ষাবর্ষ হতে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত হওয়ায় স্বস্তি প্রকাশ করে দ্রুত এ সিদ্ধান্তের বাস্তব রূপ দেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো:** সুনামগঞ্জের চলতি নদীটিতে সেতু না থাকায় দুই পারের প্রায় ২০টি গ্রামের মানুষকে দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর:** বাংলাদেশসহ সমগ্র বিশ্বে ক্যান্সারে আক্রান্তের সংখ্যা বাড়ছে উল্লেখ করে দেশে ক্যান্সারসহ অন্যান্য জটিল রোগের চিকিৎসা যাতে সুলভে পাওয়া যায় তা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট:** বেকার জনগোষ্ঠীর দেশে বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদ হিসেবে গড়ে তোলার সুপারিশ।

ঙ. **ডেইলি সান:** দেশের ৮টি বিমা কোম্পানি কর্তৃক ২০১৩-২০১৬ সাল পর্যন্ত ৩.৪৫ বিলিয়ন টাকার ভ্যাট ফাঁকি দেওয়ার ঘটনা তুলে ধরে এ ধরণের আর্থিক মামলার সমাধানে অল্টারনেটিভ ডিসপুট রেজুল্যুশন (এডিআর) কার্যকর করা ছাড়া সমস্যার সমাধান সম্ভব নয় বলে অভিমত প্রকাশ।

চ. **নিউজ টুডে:** বিদ্যমান ৯৭০০ ইট ভাটার অর্ধেকই অবৈধ অননুমোদিত থাকায় এসব প্রতিষ্ঠান বন্ধ করাসহ এসবের মালিকের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **নিউএজ:** দেশের পশ্চিমাঞ্চল রেললাইনের ৩০ শতাংশ সেতুই জরাজীর্ণ ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় জরুরি ভিত্তিতে প্রায় ভগ্ন এসব সেতু দ্রুত মেরামত করার আহ্বান।

জ. **নিউ নেশন:** এমআরপি পাসপোর্ট প্রাপ্তিতে দালালদের দৌরাত্ম্য প্রতিহত করে সম্পূর্ণ প্রক্রিয়াকে আধুনিক ও ঝামেলামুক্ত করার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সমাজের নানা অবক্ষয় রোধে সবাইকে সচেতন হতে হবে।

নিবন্ধ ও ফিচার

পত্রিকায় প্রকাশিত **'হারিয়ে যাচ্ছে বাংলার পাখি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জীববৈচিত্র্যের উপর মারাত্মক প্রভাব ফেলার আগেই পাখিদের জন্য অভয়ারণ্য গড়ে তুলতে হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮